একটি ত্রৈমাসিক প্রকাশনা

# এসএমসি নিউজ


ইস্যু ২৮, জানুয়ারী-মার্চ ২০১৯

SMC
Live better


## এসএমসি ও এসএমসি এন্টারপ্রাইজ-এর বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত




গত ৩০ মার্চ, ২০১৯ তারিখে ঢাকায় সোশ্যাল মার্কেটিং কোম্পানী (এসএমসি)-এর প্রধান কার্যালয়ে কোম্পানীর ৩০তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় কোম্পানীর ২০১৭-২০১৮ অর্থবছরের পরিচালক মন্ডলীর প্রতিবেদন এবং নিরীক্ষা প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন করা হয় এবং ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য নিরীক্ষক নিয়োগ দেওয়া হয়। সভায় সভাপতিত্ব করেন এসএমসি-এর পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব সিদ্দিকুর রহমান চৌধুরী। সভায় আরো উপস্থিত ছিলেন বোর্ডের পরিচালক মন্ডলী, কোম্পানীর সদস্যবৃন্দ, এসএমসি-এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব মোঃ আলী রেজা খান এবং কোম্পানীর ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।




একই দিনে কোম্পানীর প্রধান কার্যালয়ে এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেড-এর চতুর্থ বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় কোম্পানীর ২০১৭-২০১৮ অর্থবছরের পরিচালক মন্ডলীর প্রতিবেদন এবং নিরীক্ষা প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন করা হয় এবং ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য নিরীক্ষক নিয়োগ দেওয়া হয়। সভায় সভাপতিত্ব করেন এসএমসি এন্টারপ্রাইজ-এর পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব সিদ্দিকুর রহমান চৌধুরী। সভায় আরো উপস্থিত ছিলেন কোম্পানীর শেয়ার হোল্ডারগণ, বোর্ডের পরিচালকবৃন্দ, এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেড-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব আব্দুল হক এবং কোম্পানীর ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

## নতুন আলোকে এসএমসির গোল্ড স্টার প্রোগ্রাম

সম্প্রতি প্রখ্যাত এনজিও এবং আইএনজিওদের সাথে সমঝোতার অংশ হিসেবে প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশের সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে এসএমসি। স্মারকের মূল উদ্দেশ্য হলো এলাকার স্থানীয় নারী স্বেচ্ছাসেবকদেরকে উদ্যোক্তায় রূপান্তরিত করা। প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর মিস ওরলা আলিসিয়া মার্ফি এবং এসএমসির ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব মোঃ আলী রেজা খান গত ১৩ই মার্চ ২০১৯ তারিখে ঢাকায় এসএমসির প্রধান কার্যালয়ে সমঝোতা স্মারক স্বাক্ষর করেন। এর মাধ্যমে একটি প্ল্যাটফর্ম তৈরি হবে যেখানে সুযোগ্য নারীগণ তাদের নিজ এলাকায় উদ্যোক্তা হিসাবে প্রতিষ্ঠিত হতে পারবেন। এই সমঝোতা স্মারকের অধীনে গোল্ড স্টার প্রোভাইডারস প্রোগ্রাম (জিএসপি) নামের এই উদ্যোগটি রংপুর জেলার অধীনে ছয়টি উপজেলায় বাস্তবায়ন করবে এসএমসি এবং প্ল্যান ইন্টারন্যাশনাল। জিএসপিগণ আচরণগত পরিবর্তনের জন্য স্বাস্থ্য বার্তা প্রচার করবেন, সম্ভাব্য লং অ্যাক্টিং এবং রিভার্সেবল কন্ট্রাসেপ্টিভ (এলএআরসি) ব্যবহারকারীদের নিকটবর্তী সেবা প্রদান কেন্দ্রে রেফার করবেন এবং পারিবারিক পর্যায়ে এসএমসির জনস্বাস্থ্য সংক্রান্ত পণ্য বিক্রি করবেন। এই সমঝোতা স্মারকের মেয়াদ ৩১শে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত বৈধ থাকবে। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন এসএমসির চীফ অফ প্রোগ্রাম অপারেশনস, জনাব তছলিম উদ্দিন খান এবং উভয় প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ।



## এসএমসির ২০১৮ অর্থবছরের বার্ষিক বিক্রয় সম্মেলন অনুষ্ঠিত




সোশ্যাল মার্কেটিং কোম্পানী (এসএমসি) এবং এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক বিক্রয় সম্মেলন গত ৩০শে জানুয়ারী ২০১৯ তারিখে ঢাকার স্থানীয় একটি হোটেলে অনুষ্ঠিত হয়। সম্মেলনে ২০১৭-১৮ অর্থবছরের বিক্রয় অর্জনের উপর আলোকপাত করা হয় এবং এসএমসির সেলস এবং অন্যান্য টীমের কর্মীদের বিক্রয় লক্ষ্যমাত্রা অর্জনে অবদান রাখার জন্য স্বীকৃতি প্রদান করা হয়। এসএমসি আজ একটি সফল সামাজিক উদ্যোগ এবং বিশ্বব্যাপী স্বীকৃত। এটি বর্তমানে বাংলাদেশের জাতীয় পরিবার পরিকল্পনা কর্মসূচিতে একটি প্রধান অবদানকারী এবং সারাদেশে ব্যবহৃত জন্মনিয়ন্ত্রণ সামগ্রীর এক তৃতীয়াংশের বেশি সরবরাহ করে থাকে। সামঞ্জস্যপূর্ণ মান, সৃজনশীল বিপণন ও শক্তিশালী বিতরণ ব্যবস্থার মাধ্যমে এসএমসি বাংলাদেশের ওআরএস, জন্মবিরতিকরণ পিল, কনডম, স্যানিটারি ন্যাপকিন এবং অন্যান্য প্রোডাক্ট ক্যাটেগরিতে একটি মুখ্য অবস্থান প্রতিষ্ঠা করেছে। এসএমসির ওরস্যালাইন-এন লক্ষ লক্ষ শিশু এবং প্রাপ্তবয়স্কদের জীবন রক্ষা করছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সোশ্যাল মার্কেটিং কোম্পানী ও এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের বোর্ড অফ ডিরেক্টরস-এর চেয়ারম্যান জনাব সিদ্দিকুর রহমান চৌধুরী। জনাব চৌধুরী তাঁর বক্তব্যে বলেন যে সামাজিক কল্যাণ আমাদের প্রধান উদ্দেশ্য এবং তিনি কোম্পানীর সকল সদস্যদের সেই অনুযায়ী কাজ করার আহবান জানান। এসএমসির ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব মোঃ আলী রেজা খান এবং এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব আবদুল হক সম্মেলনে উপস্থিত থেকে মূল্যবান বক্তব্য প্রদান করেন। সম্মেলনে ২০১৭-১৮ অর্থবছরের ১২ মাসের বিক্রয় অর্জন উপস্থাপন করেন এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের মহাব্যবস্থাপক, সেলস এন্ড ফিল্ড প্রমোশন জনাব সাইদুর রহমান। উল্লেখ্য, ২০১৮ সালে কোম্পানীটি ৪৫.৫ মিলিয়ন সাইকেল জন্মবিরতকরণ পিল, ১১০.৫৭ মিলিয়ন কনডম এবং ২.২৯ মিলিয়ন ভায়াল জন্মবিরতকরণ ইনজেকশন বিক্রয় করে, যা সারাদেশের প্রায় ৪.৫৫ মিলিয়ন দম্পতিকে অপরিকল্পিত গর্ভধারণ থেকে সুরক্ষা দিয়েছে। এছাড়াও কোম্পানীটি ৮০০.৩৩ মিলিয়ন স্যাশেট ওরস্যালাইন-এন, ১৮.০২ মিলিয়ন স্যাশেট মনিমিক্স মাইক্রোনিউট্রিয়েন্ট পাউডার, ২৮৮,২৭০ ব্লিস্টার এসএমসি জিংক, ৬.৯৯ মিলিয়ন প্যাক জয়া স্যানিটারি ন্যাপকিন এবং ৫৩,৪০৫ প্যাকেট সেফ ডেলিভারী কিট বিক্রয় করে। জনাব সাইদুর রহমান তার উপস্থাপনায় তুলে ধরেন যে, কোম্পানীর আয় ২০১৭-১৮ অর্থবছরে ৪,৭১০ মিলিয়ন টাকা থেকে ৫,৭১৭ মিলিয়ন টাকায় উন্নীত হয়েছে, যা ২০১৬-১৭ অর্থবছরের ১২ মাসের অর্জনের তুলনায় ২২.২৩% বেশী। সম্মেলনে অন্যান্যের মধ্যে এসএমসি এবং এসএমসি ইএল এর বোর্ড অফ ডিরেক্টরস-এর সন্মানিত পরিচালক ও সদস্যবৃন্দ, ইউএসএআইডি'র প্রতিনিধিসহ এসএমসি এবং এসএমসি ইএল এর কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## এসএমসির ম্যানুফ্যাকচারিং অপারেশনে ইউএসএআইডি কর্মকর্তার সন্তোষ প্রকাশ



মিসেস আরিয়েলা ক্যামেরা, ডেপুটি ডিরেক্টর, অফিস অফ পপুলেশন, হেলথ, নিউট্রিশন এন্ড এডুকেশন (ওপিএইচএনই), ইউএসএআইডি/বাংলাদেশ, গত ২৩ ফেব্রুয়ারী ২০১৯ তারিখে ময়মনসিংহের ভালুকায় এসএমসির ম্যানুফ্যাকচারিং কার্যক্রম পরিদর্শন করেন। কারখানা পরিদর্শনকালে তিনি বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং ইউনিসেফের নির্দেশিকা অনুযায়ী কারখানার উৎপাদন ও গুণগত মান যাচাই প্রক্রিয়া এবং স্বনির্ভর মাইক্রোবায়োলজিক্যাল ল্যাবরেটরী দেখে মুগ্ধ হন। এসময়ে মহাব্যবস্থাপক, ভালুকা ফ্যাক্টরি, জনাব মোঃ মুজিবুল হক খান এবং কোম্পানীর ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন।

## আন্তর্জাতিক সম্মেলনে এসএমসির উপস্থিতি

গত ১-২ ফেব্রুয়ারী, ২০১৯ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত ওজিএসবির ২৭তম আন্তর্জাতিক বৈজ্ঞানিক সম্মেলনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে এসএমসি। সম্মেলনে বিভিন্ন দেশের ১,০০০ এর অধিক ওবিজিওয়াইএন অংশগ্রহণ করেন। এসএমসির হেড অফ ট্রেনিং এন্ড সার্ভিস ডেলিভারি, ডাঃ সালাহউদ্দিন আহমেদ "বেসরকারী খাতের মাধ্যমে এলএআরসি ব্যবহার বৃদ্ধি করে তাদের ব্যক্তিগত ফ্যাসিলিটি থেকে লং এ্যাক্টিং রিভার্সিভল কন্ট্রাসেপটিভ (এলএআরসি) পরিষেবা উন্নয়ন করা" বিষয়ে একটি সেশন উপস্থাপন করেন। এসএমসি বাংলাদেশে বেসরকারি খাতের এলএআরসি প্রোগ্রামের তথ্য কেন্দ্র হিসেবে একটি বুথ চালু করে। এক্ষেত্রে লক্ষ্যণীয় যে, বেসরকারি খাতের ৯০% এলএআরসি প্রোভাইডারগণ হচ্ছেন ওবিজিওয়াইএন।



## অসামান্য কর্মদক্ষতা প্রদর্শনের জন্য বরিশাল বিভাগের বিএসপিগণ সম্মানিত






গত ১৩ ফেব্রুয়ারী ২০১৯ তারিখে বরিশালে ব্লু-স্টার প্রোভাইডারদের আঞ্চলিক সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সোশ্যাল মার্কেটিং কোম্পানীর পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান জনাব সিদ্দিকুর রহমান চৌধুরী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সভায় বরিশাল, ভোলা, বরগুনা এবং পটুয়াখালী জেলার মোট ৩৫২ জন প্রোভাইডার অংশগ্রহণ করেন। উক্ত জেলাগুলির দশ জন ব্লু-স্টার প্রোভাইডারদেরকে তাদের অসামান্য কর্মদক্ষতা প্রদর্শনের জন্য "সেরা পারফর্মার" হিসেবে ভূষিত করা হয় এবং ক্রেস্ট দিয়ে পুরস্কৃত করা হয়। এসএমসির চেয়ারম্যান সভায় অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান এবং প্রয়াত ব্লু-স্টার প্রোভাইডারদের পরিবারের আর্থিক সহায়তা প্রদানের জন্য আগ্রহ প্রকাশ করেন। অনুষ্ঠানে বক্তব্য প্রদানকালে এসএমসির ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব মোঃ আলী রেজা খান বলেন, "এসএমসি আমাদের দেশের নারী, শিশু ও পরিবারের সদস্যদের স্বাস্থ্যের উন্নতির জন্য কাজ করে আসছে।" অনুষ্ঠানে বক্তব্য প্রদানকালে বরিশালের সিভিল সার্জন ডাঃ মোঃ মনোয়ার হোসেন সমাজে বিএসপিদের অবদান এবং ভূমিকার ভূয়সী প্রশংসা করেন। এসএমসির চীফ অফ প্রোগ্রাম অপারেশনস জনাব তছলিম উদ্দিন খান একটি ইন্টারেক্টিভ সেশন পরিচালনা করেন যেখানে সকল প্রোভাইডারগণ সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। জেনারেল ম্যানেজার, সেলস অ্যান্ড ফিল্ড প্রমোশন, এসএমসি ইএল, জনাব সাইদুর রহমান বাংলাদেশে গর্ভনিরোধক ইনজেকটেবল প্রদানের জন্য ব্লু-স্টার প্রোভাইডারদের উল্লেখযোগ্য অবদানের কথা স্মরণ করেন। এছাড়াও অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন এসএমসি প্রধান কার্যালয় ও বরিশাল এরিয়া অফিসের সিনিয়র কর্মকর্তাবৃন্দ।

## নতুন দুটি মলিকিউল বাজারে




"মুনাফা প্রাথমিকভাবে সামাজিক উন্নতিতে অবদান রাখবে," এই দর্শনকে সামনে রেখে এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের ফার্মাসিউটিক্যাল ডিভিশন বর্তমানে বাজারে ২৬ টি পণ্য সরবরাহ করে থাকে। এইসব পণ্যের মধ্যে রয়েছে এন্টিবায়োটিক, এন্টি-আলসিরেন্ট, এনএসএআইডি (ব্যথানাশক), এন্টি-হিস্টামিন, এন্টি-অ্যাজমাটিক, এন্টি-স্পাসমোডিক এবং মিনারেল সাপলিমেন্ট। এই ঔষধগুলো ওটিসি ক্যাটেগরি এবং বিশেষ থেরাপিউটিক শ্রেণীর অন্তর্ভুক্ত। ২০১৯ সালের ফেব্রুয়ারী মাসে এসএমসি ফার্মাসিউটিক্যাল ডিভিশন নতুন দুইটি মলিকিউল 'ইটরিকক্সিব' এবং 'সেফ্রাডাইন' বাজারে নিয়ে এসেছে 'এযেপেইন' এবং 'সেফ্রাম্যাক্স' নামে।

## আরডিএতে স্বাস্থ্য ব্যবস্থাপনা প্রচারিত



গত ফেব্রুয়ারী ১৭, ২০১৯ তারিখে বগুড়ার শেরপুরে এসএমসি ইএল-এর বগুড়া এরিয়া অফিস আরডিএ (পল্লী উন্নয়ন একাডেমী) ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের সহযোগীতায় তাদের অডিটোরিয়ামে ছাত্রীদের জন্য একটি কর্মশালার আয়োজন করে। কর্মশালার মূল প্রতিপাদ্য বিষয় ছিলো বয়ঃসন্ধিকালের ছাত্রীদের মধ্যে ব্যক্তিগত স্বাস্থ্য ও পরিচ্ছন্নতা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা। প্লাটফর্মটি ছিলো মেয়েদের মাসিক ব্যবস্থাপনায় স্যানিটারি ন্যাপকিনের ব্যবহার, বিশেষ করে এসএমসির জয়া স্যানিটারি ন্যাপকিন সম্পর্কে সচেতনতা সৃষ্টি করার একটা ভালো সুযোগ। উক্ত কর্মশালায় মোট ৬৭৩ জন ছাত্রী অংশগ্রহণ করেন যেখানে তাদের মাঝে জয়া স্যানিটারি ন্যাপকিন বিতরণ করা হয়। হাইজিন ব্যবস্থাপনার উপর কর্মশালায় বক্তব্য প্রদান করেন সূর্যের হাসি নেটওয়ার্ক, বগুড়ার মেডিকেল অফিসার ডাঃ নুসরাত জাহান মৌসুমী। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন পল্লী উন্নয়ন একাডেমীর মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ আমিনুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন আরডিএ ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ জনাব শেখ মোঃ আব্দুল মান্নান। অনুষ্ঠানে বক্তব্য প্রদানকালে মহাপরিচালক এই ফলপ্রসূ উদ্যোগ গ্রহণ করার জন্য এসএমসির প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। স্থায়ী সচেতনতা সৃষ্টি এবং এর ফলে ব্যবহারকারীদের সংখ্যা বাড়ানোর লক্ষ্যে "জয়া কর্নার" নামক একটি শেলফ আরডিএ মহাপরিচালককে উপহার দেয়া হয়। এসএমসি ইএল-এর পক্ষ থেকে উপহারটি হস্তান্তর করেন অতিরিক্ত মহাব্যপস্থাপক, এইচআর, জনাব রানা কায়সার আহমেদ; হেড অফ রিজিওন, নর্থ ডিভিশন, জনাব কাজী মোঃ জাফরুল্লাহ এবং বগুড়ার এরিয়া ম্যানেজার জনাব আবুল হায়াত মোঃ কামাল।

## 'জয়া আলোকিত নারী' সন্মাননা জানালো অনুপ্রেরণা প্রদানকারী নারীদের




আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে বেসরকারি টেলিভিশন চ্যানেল আরটিভি'র অনুষ্ঠান "জয়া আলোকিত নারীর" টাইটেল স্পন্সর হলো এসএমসি ইএল। চতুর্থ বারের মতো এই পৃষ্ঠপোষকতায় নিজেদেরকে যুক্ত করলো এসএমসি যা গত ৮ই মার্চ ২০১৯ তারিখে ঢাকার একটি স্থানীয় হোটেলে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব শ. ম. রেজাউল করিম, এমপি। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন এসএমসির ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব মোঃ আলী রেজা খান, এসএমসি ইএলের ব্যবস্থাপনা পরিচালক জনাব আব্দুল হক, এসএমসির উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, কূটনীতিক ও সমাজের অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ। জয়া একটি সাশ্রয়ী মূল্যের জনপ্রিয় স্যানিটারি ন্যাপকিন ব্র্যান্ড যা স্বাস্থ্য এবং স্বাস্থ্যবিধির ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং নারীদের জীবনে এগিয়ে যাওয়ার জন্য অনুপ্রেরণা দেয়। বিভিন্ন ক্ষেত্রে অসামান্য অবদান রাখায় এবারে যারা সম্মাননা পেয়েছেন তারা হলেনঃ বৈজ্ঞানিক গবেষণায় ডঃ ফিরদাউসী কাদ্রি, নারী উদ্যোক্তা ক্যাটেগরিতে রুবানা হক, সমাজসেবায় জহিরন বেওয়া, আত্মনির্ভরশীল ক্যাটেগরিতে নয়ন সেলিনা, ক্রীড়ায় শারমিন রত্না, অভিনয়ে শবনম, সঙ্গীতে জয়তী চক্রবর্তী এবং মুক্তিযুদ্ধে অবদানের জন্য মালেকা খান। এই উদ্যোগের মাধ্যমে বাংলাদেশের নারী সমাজকে অনুপ্রাণিত করতে পেরে এসএমসি এবং জয়া গর্বিত এবং নিশ্চিত করতে চায় যে কোন নারীরা পিছিয়ে নেই।

## উচ্চতর প্রশিক্ষণের উপর গুরুত্ব আরোপ



সম্প্রতি এমপ্লয়ী ডেভেলপমেন্টের অংশ হিসাবে এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের এইচআর ডিপার্টমেন্ট এসএমসি এবং এসএমসি ইএলের সিনিয়র কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করে। Management Acceleration Program (MAP) এর অংশ হিসেবে ২০১৯ সালের জানুয়ারি মাসে ঢাকায় এসএমসির প্রধান কার্যালয়ে 'Crafting Innovative Business Strategy' শীর্ষক একটি উচ্চতর প্রশিক্ষণ কর্মসূচী অনুষ্ঠিত হয়। চার দিন ব্যাপী এই কর্মসূচীতে এসএমসি এবং এসএমসি ইএলের ২৫ জন উর্ধ্বতন কর্মকর্তা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ কর্মসূচীতে বিভিন্ন বিষয়ের উপর আলোকপাত করা হয় যেমনঃ strategy, forces that shape strategy, unique value proposition, business, customer & industry positioning, innovation and strategy execution methods। এসএমসির ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব মোঃ আলী রেজা খান এবং এসএমসি ইএলের ব্যবস্থাপনা পরিচালক জনাব আব্দুল হক প্রশিক্ষণ কর্মসূচীর সমাপনী দিনে উপস্থিত থেকে অংশগ্রহণকারীদের মধ্যে সার্টিফিকেট বিতরণ করেন।

## আন্তর্জাতিক নারী দিবস-২০১৯ পালন করলো এসএমসি




গত ৮ মার্চ ২০১৯ তারিখে # BalanceforBetter প্রতিপাদ্যকে সামনে রেখে সারা বিশ্বে আন্তর্জাতিক নারী দিবস-২০১৯ পালিত হয়। বরাবরের মতো এসএমসি ঢাকায় তার প্রধান কার্যালয়ে দিবসটি একটি অনুষ্ঠানের মাধ্যমে পালন করে। অনুষ্ঠানে প্রধান কার্যালয়ের সকল এমপ্লয়ী, বিশেষ করে এসএমসি এবং এসএমসি ইএল এর মহিলা এমপ্লয়ীবৃন্দ অংশগ্রহণ করেন। এই অনুষ্ঠানে সমাজ, গৃহস্থলি এবং কর্মক্ষেত্রে বিশেষ অবদান রাখার জন্য, বিশেষ করে উন্নত মানুষ গড়তে বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ও সফল ভূমিকা রাখার জন্য নারীদের অবদানের কথা তুলে ধরা হয় এবং সন্মানজনক স্বীকৃতি দেয়া হয়। এসএমসি পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান, এসএমসির ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং এসএমসি ইএলের ব্যবস্থাপনা পরিচালক আনন্দময় এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

প্রধান সম্পাদকঃ মোঃ আলী রেজা খান; প্রকাশনা ও সার্কুলেশনঃ কর্পোরেট এ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট; কৃতজ্ঞতাঃ সকল বিভাগকে তথ্য দিয়ে সহযোগীতার জন্য; ঠিকানাঃ এসএমসি টাওয়ার, ৩৩ বনানী বা/এ, রোড - ১৭, ঢাকা-১২১৩, বাংলাদেশ।
পিএবিএক্সঃ +(৮৮০২) ৯৮২১০৭৪-৮০, ৯৮২১০৯০, ৯৮২১০৯৩, ওয়েবসাইটঃ www.smc-bd.org